বিশ্বের শক্তিশালী ‘সারমাত’ ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালাল রাশিয়া



ছবি: সংগৃহীত

পারমাণবিক অস্ত্র বহনে সক্ষম আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ‘সারমাত’-এর নতুন পরীক্ষা চালিয়েছে রাশিয়া। ন্যাটোর ভাষায় ‘স্যাটান-২’ নামে পরিচিত এই ক্ষেপণাস্ত্রকে বিশ্বের অন্যতম শক্তিশালী আইসিবিএম হিসেবে বিবেচনা করা হয়।

রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন জানিয়েছেন, চলতি বছরের শেষ নাগাদ ক্ষেপণাস্ত্রটি সামরিক বাহিনীতে যুক্ত করা হবে। এর পাল্লা প্রায় ৩৫ হাজার কিলোমিটার এবং এটি যেকোনো ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ভেদ করতে সক্ষম বলে দাবি মস্কোর।

রাশিয়ার রাষ্ট্রীয় টেলিভিশনের তথ্যমতে, সারমাত ক্ষেপণাস্ত্রটি পুরোনো সোভিয়েত যুগের ভয়েভোদা ক্ষেপণাস্ত্রের পরিবর্তে তৈরি করা হয়েছে। ২০১১ সালে এর উন্নয়ন শুরু হয়। যদিও ২০২৪ সালের এক পরীক্ষায় বড় ধরনের বিস্ফোরণের কারণে উৎক্ষেপণ ব্যর্থ হয়েছিল।

বিশ্লেষকদের মতে, ইউক্রেন যুদ্ধ চলমান থাকায় রাশিয়ার নতুন পারমাণবিক সক্ষমতা নিয়ে আন্তর্জাতিক উদ্বেগ বাড়ছে। বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের তথ্য অনুযায়ী, বর্তমানে বিশ্বের সবচেয়ে বড় পারমাণবিক ওয়ারহেড ভাণ্ডারগুলোর একটি রাশিয়ার নিয়ন্ত্রণে রয়েছে।